## নমুনা পাঠ-পরিকল্পনা : ১ (গদ্য/কবিতা)

| | |
|---|---|
| বিদ্যালয় :<br>শিক্ষক :<br>রোল : | শ্রেণি : ৯ম, বিষয়: বাংলা কবিতা<br>পাঠ : শহীদ স্মরণে (১ম তিন স্তবক)<br>তারিখ : ১৫/০৯/১৮ সময়: ৫০মি. |

| শিখনফল | কার্যপ্রণালি (শিক্ষক ও শিক্ষার্থীর কাজ), পদ্ধতি ও কৌশল | উপকরণ/সহায়ক সামগ্রী |
|---|---|---|
| | মনোযোগ আকর্ষণ ও পাঠ ঘোষণা (৩মি.): প্রদর্শন, প্রশ্নোত্তর<br>মুক্তিযুদ্ধভিত্তিক ছবি/ভিডিও দেখিয়ে ছবির বিষয়বস্তুভিত্তিক প্রশ্নোত্তরের মাধ্যমে পাঠ ঘোষণা করব ও বোর্ডে শিরোনাম লিখে দিয়ে শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলব।<br>প্রশ্ন : মুক্তিযুদ্ধ কখন হয়েছিল? কেন হয়েছিল? এই যুদ্ধে কারা অংশগ্রহণ করেছিল? কেন করেছিল? | প্রজেক্টর/মুক্তিযুদ্ধের ছবি/ভিডিও<br>চকবোর্ড |
| (১) কবি মোহাম্মদ মনিরুজ্জামানের পরিচিতি উল্লেখ করতে পারবে। | কবি পরিচিতি (৫ মি.): সংক্ষিপ্ত বক্তৃতা, মাইন্ড ম্যাপিং<br>● প্রজেক্টরে/পোস্টারে কবির ছবি দেখিয়ে কবি সম্পর্কে ১ মিনিট বক্তৃতার পর শিক্ষার্থীদের বই থেকে কবি পরিচিতি মনোযোগ দিয়ে পড়ে একটি করে তথ্য উল্লেখ করতে বলব (দ্বিরুক্তি না করে)।<br>● তাদের উল্লিখিত তথ্য আন্তঃসম্পর্ক বিবেচনায় রেখে Mind map আকারে সাথে সাথে বোর্ডে লিখব বা লেখাবো ও শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলব।<br>● কোনো গুরুত্বপূর্ণ তথ্য অনুল্লিখিত থাকলে তা উল্লেখ করে বোর্ডে লিখে দিব/তথ্যপত্রে বা প্রজেক্টরে দেখাবো। শিক্ষার্থীরা খাতায় লিখে নিবে। (সম্ভাব্য তথ্য : যশোর, খড়কি, ১৯৩৬, অধ্যাপক- ঢাকা বিশ্ববিদ্যালয়, ঋজু বক্তব্য, ছন্দ সচেতনতা, গীতিময়তা, বাংলা একাডেমি পুরস্কার ১৯৭২, একুশে পদক ১৯৮৭, কাব্য: দুর্লভ দিন, শঙ্কিত আলোকে, বিপন্ন বিষাদ, প্রতনু প্রত্যাশা, মৃত্যু ২০০৮) | প্রজেক্টর, কবির ছবি,<br>চকবোর্ড,<br>তথ্যপত্র |
| (২) কবিতার নির্বাচিত অংশ আদর্শরূপে আবৃত্তি করতে পারবে। | আদর্শ পাঠ (৩মি.) : আবৃত্তি<br>● কবিতার নির্বাচিত অংশ প্রজেক্টরে/পোস্টারে দেখিয়ে এক স্থানে দাঁড়িয়ে সুন্দর করে (গতিভঙ্গি, উচ্চারণ, তাল, লয় ঠিক রেখে) আবৃত্তি করব/অডিও বা ভিডিওর মাধ্যমে আবৃত্তি শোনাবো। শিক্ষার্থীরা দেখে ও শুনে আদর্শপাঠ অনুসরণ করবে। | প্রজেক্টর/ পোস্টার পেপার, অডিও, ভিডিও |
| | সরব পাঠ ও উচ্চারণ সংশোধন (৪মি.) : আবৃত্তি/ড্রিল<br>● নির্বাচিত ৩/৪ জন শিক্ষার্থীকে পর্যায়ক্রমে (একটি স্তবক একজন শিক্ষার্থী) পুরো পাঠ একবার সরবে পড়তে বলব। শিক্ষার্থীরা পাঠক শিক্ষার্থীকে অনুসরণ করবে।<br>● শিক্ষার্থীদের পাঠের ত্রুটিগুলো খেয়াল রেখে তা সংশোধন করে দিব। প্রয়োজনে পুনরায় আদর্শ পাঠ দিব/ অডিও বা ভিডিওর মাধ্যমে আবৃত্তি শোনাবো।<br>(সম্ভাব্য উচ্চারণত্রুটি: ব্যঞ্জনা, রঞ্জিত, বজ্রবর্ষী, আর্ত-হাহাকার, অভিসম্পাত) | প্রজেক্টর/<br>সেলফোন |
| (৩) হানাদার, ব্যঞ্জনা, বিমর্ষ, শোণিত, দুর্মর, রঞ্জিত প্রভৃতি শব্দের অর্থ বলতে পারবে। | শব্দার্থ (৪মি.): ত্রুটি সনাক্তকরণ<br>● কে, কোন শব্দের অর্থ জানে না- তা শিক্ষার্থীদের উল্লেখ করতে বলব এবং বোর্ডের বাম পাশে নিচে নিচে লিখব।<br>● পর্যায়ক্রমে লিখিত শব্দগুলোর অর্থ সকলকে জিজ্ঞেস করব এবং তাদের উল্লিখিত অর্থ শুদ্ধ করে বোর্ডে নির্দিষ্ট শব্দের পাশে লিখে দিব/ফ্লাশকার্ডে বা প্রজেক্টরে ছবিসহ দেখাবো।<br>(সম্ভাব্য শব্দ : হানাদার, ব্যঞ্জনা, বিমর্ষ, শোণিত, দুর্মর, রঞ্জিত) | প্রজেক্টর, চকবোর্ড, ফ্লাশকার্ড |



মোহাম্মাদ মহিববুল্লাহ (০০০২৭১১৫)
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, বাংলা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা

<table>
<tr>
<td>(৪) 'কবিতায় আর কী লিখব'- কবির এই দ্বিধান্বিত প্রশ্নের তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে।</td>
<td>পাঠ বিশ্লেষণ-১ (১২মি.) : বক্তৃতা, অনুচ্ছেদ তৈরি<br>
• সংক্ষিপ্ত বক্তৃতা (৩মি.) : পাঠের ৪নং উদ্দেশ্য ও এর বিষয়বস্তুর ভিত্তিতে প্রয়োজনীয় উপকরণ (প্রজেক্টর, চার্ট, ছবি) ব্যবহার করে শিক্ষার্থীদের সামনে ২/৩ মিনিটের সংক্ষিপ্ত বক্তৃতা দিব।<br>
• একক/জোড়ায় কাজ- (৫মি.) : শিক্ষার্থীদের পাঠের নির্বাচিত অংশ মনোযোগ দিয়ে পড়ে একক/জোড়ায় নিম্নরূপ কর্মপত্র অনুযায়ী খাতায় কাজ করার নির্দেশ দিব। (বিষয়বস্তু অনুযায়ী বিভিন্ন রকম কর্মপত্র ব্যবহৃত হবে : ৩য় ইউনিটের সংশ্লিষ্ট পাঠ দ্রষ্টব্য)<br>
কর্মপত্র/কাজ-১ : শূন্যস্থানে শব্দ বসিয়ে অনুচ্ছেদ তৈরি-
<table>
<tr><th>অনুচ্ছেদ</th><th>শব্দসমূহ</th></tr>
<tr><td>আসাদের রক্তে -------শ্যামল মাটি------- হয়েছিল। বাংলাদেশের ----- যেন আসাদের ----রঞ্জিত। পশুরূপী -------- প্রহারের চিহ্ন এখনও -------শরীরে বিদ্যমান। কবির বৃদ্ধা মায়ের কণ্ঠে ------ নেই। তিনি কাউকে ----দেন না কিন্তু ------- করেন। ----- বদলে তার দু'চোখে রয়েছে কেবল------ আর শত্রুকে হত্যা করার ----- । কবিতাই .......... ।</td><td>ঘৃণা, অভিশাপও, পতাকাও, হাহাকার, কবির বৃদ্ধ পিতার, রঞ্জিত, মনিরামপুরের, ইচ্ছা অশ্রুর, সেই রক্তে, পাক হানাদারের, আগুনের জ্বালা, দ্বিধান্বিত</td></tr>
</table>
• শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ করবো, শ্রেণিতে তাদের কাজ উপস্থাপন (২মি.) করাবো ও প্রয়োজনে সংশোধন করে দিব (২মি.)</td>
<td>প্রজেক্টর, ছবি, চার্ট<br><br>সমস্যা-চার্ট, কর্মপত্র<br><br>পোস্টার পেপার, খাতা</td>
</tr>
<tr>
<td>(৫) কবিতাংশে বর্ণিত ছোট ভাই আসাদ, মা এবং বাবা সম্পর্কিত কবির উপলব্ধি বর্ণনা করতে পারবে।</td>
<td>পাঠ বিশ্লেষণ-২ (১৫মি.) সংক্ষিপ্ত বক্তৃতা, ব্রেইন স্টর্মিং<br>
• সংক্ষিপ্ত বক্তৃতা (৩মি.) : পাঠের ৫নং উদ্দেশ্য, সংশ্লিষ্ট বিষয়বস্তু ও উদ্দীপক/কর্মপত্রের ভিত্তিতে প্রয়োজনীয় উপকরণ (প্রজেক্টর, চার্ট, ছবি) ব্যবহার করে শিক্ষার্থীদের সামনে ২/৩মিনিটের সংক্ষিপ্ত বক্তৃতা দিব।<br>
• জোড়ায়/দলে কাজ (৭মি.): শিক্ষার্থীদের পাঠের নির্বাচিত অংশ মনোযোগ দিয়ে পড়ে জোড়ায়/দলে নিম্নরূপ কর্মপত্র অনুযায়ী খাতায় কাজ করার নির্দেশ দিব। (বিষয়বস্তু অনুযায়ী বিভিন্ন রকম কর্মপত্র ব্যবহৃত হবে: ৩য় ইউনিটের সংশ্লিষ্ট পাঠ দ্রষ্টব্য)<br>
<u>কর্মপত্র/কাজ- ২ :</u> সৃজনশীল/চিন্তনমূলক প্রশ্ন-<br>
'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি'<br>
পংক্তিটির সঙ্গে আলোচ্য কবিতার পঠিত অংশের সাদৃশ্য ও স্বাতন্ত্র্য (জোড়ায়/দলে) নির্ণয়।<br>
• কাজ পর্যবেক্ষণ : শ্রেণির কাজ পর্যবেক্ষণ করবো ও প্রয়োজনে শিক্ষার্থীদের সহযোগিতা করব।<br>
• শিক্ষার্থীর উপস্থাপন (৩মি.) : পর্যায়ক্রমে শিক্ষার্থীদের দিয়ে কাজ উপস্থাপন করাবো এবং উপস্থাপিত তথ্যের ভিত্তিতে অন্যদের মন্তব্য বোর্ডে লিখব।<br>
• সংশোধন (২মি.): পূর্ণাঙ্গ উত্তর পুনরায় সুন্দর করে মৌখিকভাবে বা পোস্টার পেপারে বা প্রজেক্টরের সাহায্যে উপস্থাপন করব।</td>
<td>প্রজেক্টর ছবি, চার্ট<br><br>কর্মপত্র<br><br>পোস্টার পেপার, খাতা</td>
</tr>
<tr>
<td colspan="2">মূল্যায়ন : (৪মি) প্রশ্নোত্তর<br>
শিক্ষার্থীদের অর্জন যাচাইয়ের জন্য নিম্নরূপ প্রশ্ন করব (মুখেমুখে/প্রজেক্টরে)<br>
ক. মোহাম্মদ মনিরুজ্জামান কোন ধরনের কবি, কেন?<br>
খ. আসাদের মৃত্যুতে কবি অশ্রুহীন কেন?<br>
গ. কবি তার মাকে কোনো সান্ত্বনা বাক্য শোনাননি কেন?<br><br>
বাড়ির কাজ/অর্পিত কাজ : একজন মুক্তিযোদ্ধা ও যুদ্ধে নিহত একজন মুক্তিযোদ্ধার স্ত্রী বা সন্তানের সাক্ষাৎকার গ্রহণ করা এবং কবিতার বিষয়বস্তুর সাথে তুলনা করে একটি নিবন্ধ রচনা করা। (সময় ৭দিন)</td>
<td>প্রজেক্টর</td>
</tr>
</table>



সূত্র: বাংলা শিক্ষণ

মোহাম্মাদ মহিবুল্লাহ (০০০২৭১১৫)
বিসিএস (সাধারণ শিক্ষা)
প্রভাষক, বাংলা
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা